গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জানুয়ারি, ২০২৩ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯-০১-২০২৩ খ্রি. |
| সভার সময় | দুপুর ২.৩০ টা |
| স্থান | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

**উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার শুরুতে বিএমডির সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :**

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি**<br>সভাপতি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে বিএমডির এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরে বিএমডির মোট রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা হচ্ছে ৫৬ কোটি ৫০ লক্ষ টাকা। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত মোট ৩২,৪৫,৯২,০০০/- (বত্রিশ কোটি পয়তাল্লিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকার রাজস্ব অর্জিত হয়েছে। সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ২৫ (পঁচিশ) টি। ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১৩ (তেরো) টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। অনুসন্ধান লাইসেন্স খনি ও কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়ের লক্ষ্যমাত্রা ০৩ টি যা ইতোমধ্যে অর্জিত হয়েছে। সভাপতি সম্পাদিত এপিএ চুক্তি অনুযায়ী বিএমডির কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্যসমূহ অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। | ক) রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>খ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে অধিক্ষেত্র অনুযায়ী টিমভিত্তিক সরেজমিন পরিদর্শন করতে হবে এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ সম্পদ দ্রুত উন্মুক্ত নিলামে বিক্রয় করে বিক্রয়কৃত অর্থ নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.২ | **জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি**<br><br>সভাপতি বিএমডির ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূতত্ত্ব), মোসাঃ মাহবুবা খাতুন জানান, বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন কার্যক্রম সন্তষজনক। তৃতীয় ত্রৈমাসিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভা করা প্রয়োজন। সভাপতি ফেব্রুয়ারি/২০২৩ মাসে নৈতিকতা সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | ফেব্রুয়ারি/২০২৩ মাসে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | **জনবল নিয়োগ**<br>সভাপতি নিয়োগ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক ও নিয়োগ কমিটির সদস্য সচিব জনাব মো: মামুনুর রশীদ বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর রাজস্ব খাতভুক্ত দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির ০৫ (পাঁচ) টি ক্যাটাগরির মোট ০৮ (আট) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদসমূহের ছাড়পত্র প্রদানের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র পাওয়া মাত্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। সভাপতি ছাড়পত্র পাওয়া গেলে দ্রুত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালনপূর্বক স্বচ্ছভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন। | (ক) ছাড়পত্র পাওয়া গেলে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br><br>(খ) নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | **অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি**<br>সভাপতি গত ০৪-০৯-২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি হ্রাসকরণের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী পরিচালক (ভূতত্ত্ব), মোসাঃ মাহবুবা খাতুন জানান, বিএমডিতে বর্তমানে মোট অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে ১১ টি, যার মধ্যে ০৫ টি সাধারণ আপত্তি এবং ০৬ (ছয়) টি অগ্রিম অডিট আপত্তি। সাধারণ আপত্তি ২৫-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয় এবং ০৬ (ছয়) টি অগ্রিম অডিট আপত্তির মধ্যে ০৪ (চার)টি আপত্তি ১৪-১১-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয়। | অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। | |
| | **মধ্যমেয়াদী বাজেট ২০২৩-২৪ হতে ২০২৫-২৬ প্রণয়ন**<br>সভাপতি বিএমডির মধ্যমেয়াদী বাজেট অর্থাৎ ২০২৩-২৪ এর প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপন নিয়ে আলোকপাত করেন। বিএমডির বাজেট সংশ্লিষ্ট অফিসার বলেন, অর্থ বিভাগের বাজেট পরিপত্র-১ এর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে বিএমডির ২০২৩-২৪ হতে ২০২৫-২০২৬ অর্থবছর পর্যন্ত মধ্যমেয়াদী বাজেট কাঠামো, রাজস্ব প্রাপ্তি এবং ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপনসমূহ প্রণয়ন করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ০৫ জানুয়ারি ২০২৩ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে সিলিং সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় আলোচনা হয়। সিলিং চূড়ান্তকরণের লক্ষ্যে ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে বাজেট ব্যস্থাপনা কমিটির সভা রয়েছে। কমিটি কর্তৃক চূড়ান্ত সিলিং অনুমোদনের পর তা আইবাস ++ এ এন্ট্রি করতে হবে। সভাপতি চূড়ান্ত সিলিং পাওয়ার পর তা নির্ধারিত সময়ের পূর্বেই আইবাস ++ এ এন্ট্রি করার নির্দেশ প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে আইবাস ++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |
| | **তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২২-২৩**<br>তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মাহফুজুর রহমান জানান, কর্মপরিকল্পনায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদ করার লক্ষ্যমাত্রা রয়েছে। যা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়েছে। বিএমডির তথ্য অধিকার বিষয়ক বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব আজিজুল হক জানান, তথ্য অধিকার বিষয়ক ০৩ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। ইতোমধ্যে ০১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। সভাপতি অবশিষ্ট প্রশিক্ষণ ০২ টি আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | তথ্য অধিকার বিষয়ক অবশিষ্ট প্রশিক্ষণ ০২ টি আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | **সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২২-২৩ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ফোকাল পয়েন্ট, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, উল্লেখিত কর্মপরিকল্পনাসমূহের নির্ধারিত কিছু কার্যক্রম যেমন : সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার উপর ০২ টি করে প্রশিক্ষণ এবং স্টেকহোল্ডার সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ডিসেম্বর, ২০২২ পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে ০১ টি করে প্রশিক্ষণ ও স্টেকহোল্ডার সভা আয়োজন করা হয়েছে। সভাপতি কর্মপরিকল্পনার অবশিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অবশিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.৭৮

তারিখ: ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে
১) পরিচালক (যুগ্মসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) পি. এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএমডি;
৬) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)